

■■ কবরের শাস্তি ও শান্তি সম্পর্কে কতিপয় মাসআলা বারযাখী জীবন

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

সকল প্রশংসা আল্লাহ রাব্বুল 'আলামীনের জন্য যিনি নিখিল বিশ্বের প্রতিপালক, অনুগ্রহশীল পরম করুনাময় এবং যিনি কিয়ামত দিবসের মালিক। দুরূদ ও সালাম বর্ষিত হোক আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওপর, যিনি পৃথিবীতে রহমতস্বরূপ প্রেরিত হয়েছেন এবং তাঁর পরিবার পরিজন, সাথীবর্গ ও তাবে'ঈনদের ওপর কিয়ামত পর্যন্ত আল্লাহর অনুগ্রহ বর্ষিত হোক।

অতঃপর বারযাখী জীবন এবং কবরের শান্তি ও শান্তি সম্পর্কীয় কতগুলো মাসআলা সম্বন্ধে আলোচনা করা হয়েছে। এটি পরকালে মুক্তির দিক নির্দেশনা (পরিদর্শন ও উপদেশ) হিসাবে তৈরি করেছি, যা সৌদি আরবের রেডিও কুরআনে কারীম থেকে প্রচার করার জন্য তৈরি করেছিলাম। অতঃপর কতিপয় আলেম অনুরোধ করেন রেডিওতে প্রচারিত আলোচনাগুলো একটি পুস্তকাকারে প্রকাশ করার জন্য। তাদের ডাকে সাড়া দিয়ে অন্যান্য বিষয় বাদ দিয়ে এ আলোচনাটিই বেছে নিয়েছি এই আশায় যে, এতে অন্তরের উপদেশ ও আল্লাহ তা'আলার দিকে প্রত্যাবর্তনের কথা আত্মাকে স্মরণ করিয়ে দিবে এবং তা জুমু'আর খুৎবা ও মজলিসে পাঠের জন্য উপযুক্ত বিষয় হিসেবে মনে করি।

পরিশেষে আল্লাহ তা'আলার নিকট তাওফীক কামনা করছি যে, তিনি যেন আমাদিগকে সঠিক পথ প্রদর্শন করেন এবং কিয়ামতের কঠিন শাস্তি থেকে আমাকে, আমার মা-বাবা, ভাই-বোন, ছেলে-মেয়ে এবং সকল মুসলিম ভাই-বোনকে মুক্তি দান করেন।

লেখক

শাইখ খালেদ ইবন আবদুর রহমান আশ-শায়ে'

Source — https://www.hadithbd.com/books/link/?id=9681

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন